বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৬

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এর উদ্যোগে ২২ মে, ২০২৪ তারিখ রোজ বুধবার দেশের অর্থনীতিসহ প্রতিটি ক্ষেত্রে নারীদের অবদান ও অংশগ্রহণের স্বীকৃতি জানানো এবং আর্থিক খাতে তথা পুঁজিবাজারে নারীদের অধিকতর অংশগ্রহণ উৎসাহিতকরণের লক্ষ্যে 'পুঁজিবাজারে নারী' শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠান আয়োজিত হয়। একইসাথে বাংলাদেশের পুঁজিবাজারে কর্মরত বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের জন্য কমিশন এর বার্ষিক 'স্বাধীনতা সুবর্ণজয়ন্তী পুরস্কার ২০২৩' প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'বাংলাদেশ জাতীয় সংসদ' এর মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব জনাব ওয়াসিকা আয়শা খান, এমপি। উক্ত অনুষ্ঠানে কমিশনের কর্মচারীদের 'শুদ্ধাচার পুরস্কার ২০২৩-২৪' প্রদান করা হয়। একইসাথে, পুঁজিবাজার সংক্রান্ত প্রশ্নোত্তর ও তথ্য সহায়তার জন্য "সঞ্চয়িতা" নামক কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন একটি স্মার্ট হেল্পলাইন উদ্বোধন করা হয়।

আমন্ত্রিত অতিথিবৃন্দের আসন গ্রহণের মাধ্যমে সন্ধ্যা ০৭:০০ টায় রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠানটির সূচনা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি বলেন, বাংলাদেশের সংবিধান নারী ও পুরুষের সমঅধিকার নিশ্চিত করেছে। বাংলাদেশে প্রধানমন্ত্রী, স্পিকারসহ অনেক গুরুত্বপূর্ণ পদে নারীরা আছেন। বাংলাদেশের উন্নত অর্থনীতিতে নারীদের আয় বৃদ্ধি হয়েছে। পুঁজিবাজারেও নারীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবেন বলে আমাদের প্রত্যাশা। এজন্য বিএসইসি নারীদের প্রশিক্ষণসহ সার্বিক সহায়তা অব্যাহত রেখেছে। তিনি অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ এবং উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠানে স্বাগত জানান।

এরপর 'পুঁজিবাজারে নারী' শীর্ষক একটি প্যানেল আলোচনা ও প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়। ইকমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের প্রেসিডেন্ট ও এফবিসিআই এর ভাইস প্রেসিডেন্ট শমী কায়সার এর সঞ্চালনায় উক্ত প্যানেল আলোচনায় আলোচক হিসেবে অংশগ্রহণ করেন অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনারস অব বাংলাদেশ এর প্রেসিডেন্ট জনাব মানতাশা আহমেদ, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর জ্যেষ্ঠ সহ-সভাপতি জনাব সংগীতা আহমেদ, ইউনিলিভার বাংলাদেশ এর পরিচালক জনাব শামিমা আক্তার এবং অ্যাসোসিয়েশন অব অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানীজ অ্যান্ড মিউচুয়াল ফান্ডস এর সহ-সভাপতি জনাব মনিজা চৌধুরী।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ আবদুর রহমান খান. এফসিএমএ। তিনি স্বাধীনতার রূপকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধা ভারে স্মরণ করেন। বাংলাদেশে নারীদের অগ্রযাত্রা পার্শ্ববর্তী দেশগুলোর

তুলনায় অনেক ভালো বলে মন্তব্য করেন তিনি এবং পুঁজিবাজারের নারীদের অন্তর্ভুক্তির কথা বলেন। তিনি অন্যান্যের মধ্যে বলেন, বিশ্বে কোন দেশ বা রাষ্ট্র তার পুঁজিবাজারের উন্নয়ন না করে, রাষ্ট্রকে উন্নত করতে পারেনি। আমাদের পুঁজিবাজারের বিনিয়োগ হওয়া উচিত বিশ্লেষণ ভিত্তিক। পুঁজিবাজারের আস্থা ফিরিয়ে আনতে সংশ্লিষ্টদের নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব জনাব ওয়াসিকা আয়শা খান, এমপি পুরস্কার বিজয়ীদের অভিনন্দন জানান। তিনি জাতির পিতা, বঙ্গমাতাসহ শহীদের প্রতি সম্মান জানান। তিনি অন্যান্যের মধ্যে বলেন, " জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নারীর ক্ষমতায়ন নিশ্চিতের কথা ভাবতেন এবং তার হাত ধরেই ১৯৬৯ সালে বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ প্রতিষ্ঠা করেছিলেন। তিনি যখনই সরকার গঠন করেছেন নারীদের উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন।" তিনি আরো বলেন, " পুঁজিবাজার দেশের অর্থনীতির জন্য খুবই গুরুত্বপূর্ণ। একটা দেশের অর্থনীতি শুধু মানি মার্কেট দিয়ে চলতে পারে না, পুঁজিবাজার হচ্ছে সে ক্ষেত্রে অর্থনীতির চালিকাশক্তি। পুঁজিবাজারে নারীদের অংশগ্রহণ বাড়াতে বিএসইসি নানাবিধ পদক্ষেপের কথা উল্লেখ করেন এবং বিএসইসি উদ্যোগকে স্বাগত জানান। তিনি সকলকে আগ্রহের সাথে পুঁজিবাজারে অংশগ্রহণ করতে বলেন এবং স্মার্ট বিনিয়োগকারী হতে বলেন।

প্রধান অতিথির বক্তব্যে 'বাংলাদেশ জাতীয় সংসদ' এর মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি বলেন, " মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার বাংলাদেশের নারীদের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে। সরকারের উদ্যোগের ফলশ্রুতিতে সকল ক্ষেত্রে দেশে নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠিত হয়েছে।" নারী ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে শীর্ষস্থানীয় অবস্থানে রয়েছে এবং দেশে নারী নেতৃত্ব প্রতিদিন যেভাবে বৃদ্ধি পাচ্ছে তা গর্বের বিষয় বলে উল্লেখ করেন তিনি। তিনি নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের কথা বলেন। তিনি আরো বলেন, " দেশের সকল ক্ষেত্রে নারীরা প্রশংসার সাথে দায়িত্ব পালন করছে। পুঁজিবাজার একটি বিশেষায়িত ক্ষেত্র, এখানে নারীদের অংশগ্রহণের সম্ভাবনা অপার। দেশের পুঁজিবাজারে পুরুষের তুলনায় নারীদের অংশগ্রহণ কম। অন্য সকল ক্ষেত্রের মত পুঁজিবাজারকে আরো সহজ করতে কাজ করতে হবে।" তিনি বিএসইসিকে পুঁজিবাজারে নারীদের অংশগ্রহণ বাড়াতে উদ্যোগী হতে বলেন এবং সারা দেশে পুঁজিবাজার ও বিনিয়োগ সংক্রান্ত সচেতনতা বাড়ানোর পরামর্শ দেন।তিনি স্বাধীনতা সুবর্ণজয়ন্তী পুরস্কার প্রাপ্তদের সকলকে আন্তরিক অভিনন্দন জানান।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ, 'স্বাধীনতা সুবর্ণজয়ন্তী পুরস্কার ২০২৩' বিজয়ী প্রতিষ্ঠান ও তার প্রতিনিধিবৃন্দ এবং উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, " দেশের অর্থনৈতিক উন্নয়ন শুধুমাত্র মানি মার্কেট দিয়ে তা সম্ভব না। মানি মার্কেট ও ক্যাপিটাল মার্কেটের যৌথ শক্তি একটা দেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে পারে। তাই আমরা বার বার বলছি স্বল্প মেয়াদি-মধ্যমেয়াদি যেসব ব্যবসা সেগুলো মানি মার্কেটে এবং দীর্ঘমেয়াদি যেসব বিনিয়োগ ফাইন্যান্স দরকার সেগুলো ক্যাপিটাল মার্কেটে হওয়া দরকার।" দেশজুড়ে বিনিয়োগ শিক্ষা ছড়িয়ে দিতে বিএসইসি ও তার দুই অঙ্গসংগঠন বিএএসএম এবং বিআইসিএম কাজ করছে বলে জানান তিনি। পুজিবাজারে নারীদের অংশগ্রহণ বাড়াতে কাজ করতে হবে উল্লেখ করেন এবং বিএসইসি বিশেষভাবে নারীদের জন্য অরেঞ্জ বন্ড ও পিংক বন্ড আনয়নে কাজ করছে বলে জানান। অর্থায়নের জন্য পুঁজিবাজারে রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট্র(REIT)সহ অনেক বিকল্প টুল রয়েছে এবং সরকারের উন্নয়ন প্রজেক্টে পুঁজিবাজারের মাধ্যমে অর্থায়নের সুযোগ রয়েছে বলে জানান তিনি। স্বাধীনতা সুবর্ণজয়ন্তী পুরস্কার এর মাধ্যমে পুঁজিবাজারের মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহকে সম্মানিত করা হয়েছে এবং এর মাধ্যমে পুঁজিবাজারের মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহ আরো ভালো সেবাপ্রদানে মানসিকতা ও প্রতিযোগিতা উৎসাহিত করা সম্ভব হবে জানান তিনি।

পুঁজিবাজারে অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২৩ সালের জন্য মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহকে 'স্টক ব্রোকার ও ডিলার', 'মার্চেন্ট ব্যাংকার' এবং 'অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি'-এই তিনটি ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়। এবছর 'স্টক ব্রোকার/ডিলার' ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্তরা হলেন– ১ম পুরস্কার: আইডিএলসি সিকিউরিটিজ লিমিটেড, ২য় পুরস্কার: ব্র্যাক ইপিএল স্টক ব্রোকারেজ লিমিটেড এবং ৩য় পুরস্কার: শান্তা সিকিউরিটিজ লিমিটেড। মার্চেন্ট ব্যাংকার ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্তরা হলেন – ১ম পুরস্কার: প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড ও ২য় পুরস্কার: ইসলামী ব্যাংক ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং ৩য় পুরস্কার: সাউথইস্ট ব্যাংক ক্যাপিটাল সার্ভিসেস লিমিটেড। 'অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি' ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্তরা হলেন – ১ম পুরস্কার: একাশিয়া এসআরআইএম লিমিটেড ও ২য় পুরস্কার: আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড।

একইসাথে, বিএসইসি'র কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার, ২০২৩-২৪ প্রদান করা হয়। বিএসইসি'র শুদ্ধাচার পুরস্কার, ২০২৩-২৪ বিজয়ীরা হলেন: বিএসইসি'র অতিরিক্ত পরিচালক জনাব মোহাম্মদ রকিবুর রহমান, বিএসইসি'র ব্যক্তিগত কর্মকর্তা জনাব সমীর ঘোষ এবং বিএসইসি'র অফিস সহায়ক জনাব মোঃ সুজন আলম।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে পুঁজিবাজার সংক্রান্ত প্রশ্নোত্তর ও তথ্য সহায়তার জন্য " সঞ্চয়িতা" নামক কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন একটি স্মার্ট হেল্পলাইন উদ্বোধন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি এবং 'বাংলাদেশ জাতীয় সংসদ' এর মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি উক্ত স্মার্ট হেল্পলাইন উদ্বোধন করেন। উল্লেখ্য, উক্ত স্মার্ট হেল্পলাইনটির প্রাথমিক উদ্বোধন এবং এটি এখনও ডেভেলপমেন্ট স্টেজে রয়েছে। তবে, অতি শীঘ্রই এটি সকলের জন্য উন্মুক্ত করা হবে।

23-05-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

পুঁজিবাজারে নারী
ও
স্বাধীনতা সুবর্ণজয়ন্তী পুরস্কার

পুঁজিবাজারে নারী
ও

পুঁজিবাজারে নারী
ও
স্বাধীনতা সুবর্ণজয়ন্তী পুরস্কার - ২০২৩
২২ মে ২০২৪ | বুধবার | হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও